

নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.১৬.০৬২৮.১৯.৫১০৫

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৯ মে ২০২৬

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাজারে চাহিদার কমতি থাকার কারণে প্রাণিসম্পদের রোগ/বালাই নিয়ন্ত্রণে ব্যবহৃত বিভিন্ন ধরনের ঔষধ ও ভ্যাকসিন আমদানি সংক্রান্ত কমিটির মাধ্যমে ভ্যাকসিন আমদানির সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে চলতি বছরে (২০২৬) পোল্ট্রিতে লো-প্যাথোজেনিক এডিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধে ৫০ কোটি ডোজ H9N2 এবং এর বিভিন্ন কন্সিনেশন ভ্যাকসিন, গবাদিপশুতে Lumpy Skin Disease (LSD) প্রতিরোধে ২ কোটি ডোজ LSD ভ্যাকসিন, এবং গবাদিপশুতে ক্ষুরারোগ প্রতিরোধে ২ কোটি ডোজ ট্রাইভ্যালেন্ট (O, A & Asia 1) এফএমডি ভ্যাকসিন, কুকুর ও বিড়ালে জলাতঙ্ক প্রতিরোধে ২০ লক্ষ ডোজ রেবিস ভ্যাকসিন আমদানির মাধ্যমে সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক, উল্লিখিত ভ্যাকসিনসমূহ আমদানি করতে ইচ্ছুক নিবন্ধিত আমদানিকারক প্রতিষ্ঠানসমূহের নিকট হতে বিধি মোতাবেক আগামী ১১/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তসমূহ:

- ১। আমদানিকারক প্রতিষ্ঠানের অবশ্যই প্রাণিসম্পদ অধিদপ্তরে নিবন্ধনকৃত ক্যাটাগরি-২ লাইসেন্স থাকতে হবে। ভ্যাকসিনটি অবশ্যই ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধিত হবে না।
- ২। আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের নিজস্ব Storage Facility, পরিবহন ও বিতরণের সক্ষমতা থাকতে হবে।
- ৩। আবেদনের সাথে টিকা আমদানির ব্যবসায়িক অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।
- ৪। আমদানি করতে ইচ্ছুক প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজপত্রাদি- (১) H9N2 এর ক্ষেত্রে: G1 Lineage থেকে ভ্যাকসিন উৎপাদনের তথ্যাদি, কান্ডি অব অরিজিন, ভ্যাকসিনটির Phylogenetic সংক্রান্ত তথ্য, বাংলাদেশের সার্কুলেটিং ভাইরাসের সাথে মিল আছে কিনা ও অন্য কোন কোন দেশে ব্যবহৃত হচ্ছে (free sale certificates) সে সংক্রান্ত তথ্য; Safety, Efficacy, উৎপাদন, ব্যবহার, ভ্যাকসিনের লাইসেন্স প্রদানকারী দেশ/দেশসমূহ সম্পর্কিত তথ্যাদি আলাদা ছকপত্রে চাহিত তথ্যের ক্রমানুসারে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। তদ্রূপ different combination vaccines এর ক্ষেত্রে বিষয়সমূহ প্রয়োজ্য হবে। (২) LSD ও FMD (Trivalent: O, A & Asia 1) ভ্যাকসিন: ভ্যাকসিন ভাইরাসের Phylogenetic সংক্রান্ত তথ্য, কান্ডি অব অরিজিন, বাংলাদেশের সার্কুলেটিং ভাইরাসের সাথে মিল আছে কিনা ও অন্য কোন কোন দেশে ব্যবহৃত হচ্ছে (free sale certificates) সে সংক্রান্ত তথ্য; Safety, Efficacy, উৎপাদন, ব্যবহার, ভ্যাকসিনের লাইসেন্স প্রদানকারী দেশ/দেশসমূহ সম্পর্কিত তথ্যাদি আলাদা ছকপত্রে চাহিত তথ্যের ক্রমানুসারে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। তদ্রূপ রেবিস ভ্যাকসিন এর ক্ষেত্রে উপরোল্লিখিত বিষয়ে প্রয়োজ্য তথ্যাদি/ডকুমেন্ট দাখিল করতে হবে। অসম্পূর্ণ/অসত্য তথ্য উপস্থাপন করলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।
- ৫। ইতঃপূর্বে (২০২৫ সালে) Vaccine এর আমদানির অনুমোদন প্রদান করা হয়ে থাকলে এর আমদানি ও ব্যবহার সংক্রান্ত তথ্য আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

১১/০৬/২০২৬ খ্রিঃ তারিখের পরে দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে।



১৯-০৫-২০২৬

মোঃ শাহজাহান খান  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.১৬.০৬২৮.১৯.৫১০৫/১(৩)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৯ মে ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়(ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর। ইহা প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৩। সভাপতি, এ্যানিমেল হেলথ কোম্পানিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (আহকাব), সেন্টার, পয়েন্ট, ইউনিট-১২ ডি, ১৪/এ, তেজকুনীপাড়া, ফার্মগেট বা/এ, তেজগাঁও, ঢাকা-১২১৫।



১৯-০৫-২০২৬

মোঃ শাহজামান খান  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)